গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫/২২ মে ২০১৮

স্মারক নম্বর ০৪.০০.০০০০.৮২৩.৭৯.০০৯.১৮.০৪৩ তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে নিম্নরূপভাবে সরকার তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি গঠন করল:

**তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি:**

| | | | |
|---|---|---|---|
| ০১. | বিভাগীয় কমিশনার | : | সভাপতি |
| ০২. | ডিআইজি (সংশ্লিষ্ট রেঞ্জ) | : | সদস্য |
| ০৩. | মেট্রোপলিটন পুলিশ কমিশনার | : | সদস্য |
| ০৪. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | : | সদস্য |
| ০৫. | বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), স্বাস্থ্য অধিদপ্তর | : | সদস্য |
| ০৬. | বিভাগের সকল জেলা প্রশাসক | : | সদস্য |
| ০৭. | পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় | : | সদস্য |
| ০৮. | অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সংশ্লিষ্ট অঞ্চল) | : | সদস্য |
| ০৯. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত (সংশ্লিষ্ট সার্কেল) | : | সদস্য |
| ১০. | একজন অধ্যক্ষ (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১১ | পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর | : | সদস্য |
| ১২. | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | : | সদস্য |
| ১৩. | বিভাগাধীন একজন উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৪. | উপপরিচালক, জেলা তথ্য অফিস | : | সদস্য |
| ১৫. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৬. | একজন প্রখ্যাত সাংবাদিক (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৭. | একজন আইনজীবী (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৮. | তিনজন এনজিও প্রতিনিধি (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৯. | দুইজন মহিলা প্রতিনিধি (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২০. | সুশীল সমাজের দুইজন প্রতিনিধি (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২১. | বিভাগীয় কমিশনারের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | : | সদস্য-সচিব |

(১) কমিটির কার্যপরিধি:

(ক) তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;
(খ) তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং চাহিদাকারির সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
(গ) বিভাগের আওতাধীন সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
(ঘ) তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন;
(ঙ) বিভাগীয় পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়;
(চ) জেলা অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান;
(ছ) তথ্য অধিকার আইন সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান; এবং
(জ) নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে বিভাগীয় পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণ।

(২) কমিটি প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হবে এবং সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ ও তথ্য কমিশনে প্রেরণ করবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২২/৫/২০১৮

এন এম জিয়াউল আলম
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ